295
03 MAY 2011

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১১

নং-অম/অবি/বা-১১/পৌর-১৩/০৪/৩২০ তারিখঃ ২৮/০৪/২০১১ খ্রিঃ।

**বিষয়ঃ টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয় এবং টেন্ডার/কোটেশন ব্যতীত সরাসরি ক্রয় অনুমোদনর ক্ষেত্রে আর্থিক ক্ষমতা বৃদ্ধি প্রসংগে।**

সূত্রঃ আইএমইডি/সিপিটিইউ/আক্ষঅ/১৯৮/২০১০/৯৬৪, তারিখঃ ২১/০৯/২০১১ খ্রিঃ,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয় এবং টেন্ডার/কোটেশন ব্যতীত সরাসরি ক্রয় অনুমোদনের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা বৃদ্ধির ৩টি সংশোধিত পরিপত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(মোঃ মাহমুদুল হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫৭২০৩

মহা-পরিচালক
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-১

নং- অম/অবি(ব্যঃ নিঃ-১) ডিপি-১/২০০০/৯৭                                    তারিখঃ ২৬.০৪.২০১১ খ্রিঃ

বিষয় ঃ অর্থ বিভাগের ০৩. ২.২০০৫ তারিখের আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ আদেশের সংশোধন।

| ক্রঃ নং | আইটেম | অর্থ বিভাগ কর্তৃক সংশোধিত আর্থিক ক্ষমতা |
|---|---|---|
| ১। | অম/অবি (ব্যঃনিঃ-১)/ডিপি-১/২০০০/১৩, তারিখঃ ০৩-০২-২০০৫ এর মডেলের ক্রমিক নং ৪৭-টেন্ডার/ কোটেশন ব্যতীত সরাসরি ক্রয় অনুমোদন (পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১), ৮২(১) এবং ৭৬(১) (ট) এর সংশোধন অনুযায়ী)। | (ক) স্বল্প মূল্যের পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি / সরঞ্জামাদিঃ প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>(খ) ভৌত সেবাঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত।<br>পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর সংস্থানসহ নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>১। অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দ বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২। পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।<br>৩। উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন এড়ানোর উদ্দেশ্যে মোট ব্যয়ের বিভাজন করা যাবে না। |
| ২। | অম/অবি (ব্যঃনিঃ-১)/ডিপি-১/২০০০/১৩, তারিখঃ ০৩-০২-২০০৫ এর মডেলের ক্রমিক নং ৪৮-টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয় মঞ্জুরী/ অনুমোদন (পিপিআর-২০০৮ এর বিধি ৬৯(১), ৮২(১) এবং ৮৮(১) এর সংশোধন অনুযায়ী | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ২ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বাংলাদেশের বৈদেশিক মিশনসমূহের জন্য স্বল্প মূল্যের সহজলভ্য পণ্য ও অপ্রত্যাশিত ভৌত সেবাঃ প্রতি ক্ষেত্রে ১৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর সংস্থানসহ নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>১। অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দ বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২। পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।<br>৩। উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন এড়ানোর উদ্দেশ্যে মোট ব্যয়ের বিভাজন করা যাবে না। |

তবে অর্থ বিভাগ কর্তৃক ০৩-০২-২০০৫ তারিখের অম/অবি (ব্যঃনিঃ-১) ডিপি-১/২০০০/১৩ নং পরিপত্রের অন্যান্য বিধি/ বিধান অপরিবর্তিত থাকবে।

২৬.৪.২০১১
( সালিমা জাহান)
উপসচিব (ব্য.নি. অধিশাখা-১)
টেলিফোন নং ৭১৬৮৫৬৯
ই-মেইল ঃ salimaj@ finance. gov. bd

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়/সচিব ,রাষ্ট্রপতির কার্যালয়।
২। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ ----------------------------
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।
৫। মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব ।
৬। মাননীয় প্রধান মন্ত্রীর একান্ত সচিব ।
৭। অর্থ বিভাগের সকল শাখা---------------------------------

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ

নং - ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-২৮৯ তারিখঃ ১৭/০৪/২০১১

## অফিস স্মারক

বিষয় ঃ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ, হেডস অব ডিপার্টমেন্টস/প্রকল্প পরিচালকগণকে অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers) পুনঃ নির্ধারণ।

সূত্র নং- অম/অবি/উবা-১/বিবিধ-৭৬/০২/৮৩৮, তারিখঃ ২২/১২/২০০৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত মন্ত্রণালয়/বিভাগ/হেডস অব ডিপার্টমেন্টস/প্রকল্প পরিচালকগণকে প্রদত্ত আর্থিক ক্ষমতা সংক্রান্ত গত ২২/১২/২০০৪ তারিখে জারীকৃত পুস্তিকার ৮, ৩২ ও ৩৪ নং ক্রমিকে বর্ণিত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় প্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দের (ক, খ ও গ শ্রেণীর) আর্থিক ক্ষমতা সরকার কর্তৃক নিম্নরূপভাবে পুনঃ নির্ধারণ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/ বিভাগের নিকট অর্পনকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানদের নিকট অর্পনকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পিত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণী (৫০ কোটি টাকার উর্দ্ধে) | খ-শ্রেণী (২০ কোটি টাকার উর্দ্ধে, ৫০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণী (২০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৮ | মনিহারি দ্রব্যাদি ক্রয় অনুমোদন | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | এককালীন ৫ লক্ষ টাকা পর্যন্ত নিম্নরূপ শর্ত সাপেক্ষে ঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/ টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |
| ৩২ | টেন্ডার /কোটেশন ব্যতীত সরাসরি ক্রয় অনুমোদন (পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১), ৮২(১) এবং ৭৬(১) (ট) এর সংশোধন অনুযায়ী) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) স্বল্প মূল্যের পণ্য/মালামাল /যন্ত্রপাতি /সরঞ্জামাদিঃ প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>(খ) ভৌত সেবাঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত।<br>পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর সংস্থানসহ নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |



২৭/৪

| ক্রমিক নং | বিষয় | মন্ত্রণালয়/ বিভাগের নিকট অর্পনকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানদের নিকট অর্পনকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পিত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণী (৫০ কোটি টাকার উর্দ্ধে) | খ-শ্রেণী (২০ কোটি টাকার উর্দ্ধে, ৫০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণী (২০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | (১) অনুমোদিত ডিপিপি/ টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | |
| ৩৪ | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয় অনুমোদন (পিপিআর-২০০৮-এর বিধি ৬৯(১), ৮২(১) এবং ৮৮(১) এর সংশোধন অনুযায়ী) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে এককালীন ৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে এককালীন ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বাংলাদেশের বৈদেশিক মিশনসমূহের জন্য স্বল্প মূল্যের সহজলভ্য পণ্য ও অপ্রত্যাশিত ভৌত সেবাঃ প্রতি ক্ষেত্রে এককালীন ১৫ লক্ষ টাকা পর্যন্ত।<br>পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর সংস্থানসহ নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১) অনুমোদিত ডিপিপি/ টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>(৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | কলাম-৫ এর অনুরূপ | কলাম-৫ এর অনুরূপ |

*২ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫, ৬ অথবা ৭ অনুসরণ করতে হবে।

২। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

৩। পুনঃ নির্ধারণকৃত এ হার অবিলম্বে কার্যকর হবে।

২৭/০৪/১১

(শাহাবুদ্দিন আহমদ)
যুগ্ম-সচিব (বাজেট-২)

বিতরণ ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

৩। সচিব, --------------------------------মন্ত্রণালয়/বিভাগ।

৪। সদস্য-------------------------------- বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।

৫। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।

৬। ---------------------------------------- (সকল কর্মকর্তা), অর্থ বিভাগ।

৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,----------------------------- মন্ত্রণালয়/বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১

নং - ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-২৯০ তারিখঃ ১৭/০৪/২০১১

## পরিপত্র

**বিষয় ঃ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/ পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদনের বিষয়ে আর্থিক ক্ষমতা পুনঃ নির্ধারণ প্রসংগে।**

সূত্র নং- অম/অবি/উবা-১/বিবিধ-৭৬/০২/৬৮২, তারিখঃ ১১/০৯/২০০৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পরিপত্রে গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সকল পূর্তকাজ/পণ্য/মালামাল/সরঞ্জামাদি ক্রয়/চুক্তি সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য ন্যূনতম আর্থিক ক্ষমতার Sub-delegation-এর নমুনা/মডেল এর উন্নয়ন ও অনুন্নয়ন খাতে টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয় এবং টেন্ডার/কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে সরকার কর্তৃক পুনঃ নির্ধারণ করা হয়েছে ঃ

উন্নয়ন খাত ঃ

| ক্রমিক নং | বিষয় | প্রকল্প পরিচালকের নিকট অর্পিত ক্ষমতা |
|---|---|---|
| ঘ. | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রেঃ {পিপিআর-২০০৮ এর বিধি-৬৯(১), বিধি-৮২(১) ও বিধি-৬৯(৬)(খ) অনুসরণে} | |
| (১) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয়বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম /কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাক পর্যন্ত।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ১৫ লক্ষ টাকা পর্যন্ত। |
| (২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)। | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ১৫ লক্ষ টাকা পর্যন্ত। |
| (৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ১৫ লক্ষ টাকা পর্যন্ত। |
| ঙ. | টেন্ডার/কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে ঃ {পিপিআর-২০০৮ এর বিধি বিধি-৮১(১), বিধি-৮২(১) ও বিধি-৭৬(১)(ট) অনুসরণে} | |
| (১) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম /কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | (ক) স্বল্প মূল্যের পণ্য/যন্ত্রপাতিঃ প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>(খ) ভৌত সেবাঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ ঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত। |



১৭/৪

| | | |
|---|---|---|
| (২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | (ক) স্বল্প মূল্যের পণ্য/যন্ত্রপাতিঃ প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>(খ) ভৌত সেবাঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ ঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয় ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত। |
| (৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/ প্রকল্প পরিচালক/ প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | (ক) স্বল্প মূল্যের পণ্য/যন্ত্রপাতিঃ প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>(খ) ভৌত সেবাঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ ঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয় ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত। |

অনুন্নয়ন খাত ঃ

| ক্রমিক নং | ক্রয়/সংগ্রহের ধরণ ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা- ছোট কর্পোরেশন/বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা স্বায়ত্তশাসিত সংস্থা |
|---|---|---|
| ঘ. | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রেঃ {পিপিআর-২০০৮ এর বিধি-৬৯(১), বিধি-৮২(১) ও বিধি-৬৯ (৬) (খ) অনুসরণে} | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ১৫ লক্ষ টাকা পর্যন্ত। |
| (২) | আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণ | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয়ঃ প্রতি ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ঃ ১৫ লক্ষ টাকা পর্যন্ত। |
| ঙ. | টেন্ডার/কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে ঃ {পিপিআর-২০০৮ এর বিধি বিধি-৮১(১), বিধি-৮২(১) ও বিধি-৭৬(১) (ট) ও বিধি ৮৮ (২) অনুসরণে} | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | (ক) স্বল্প মূল্যের পণ্য/যন্ত্রপাতিঃ প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>(খ) ভৌত সেবাঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ ঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয় ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঙ) জাতীয় পতাকাবাহী বাহনের জন্য বাংলাদেশের বাহিরে জ্বালানী তেল, যন্ত্রাংশ |

| ক্রমিক নং | ক্রয়/সংগ্রহের ধরণ ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা- ছোট কর্পোরেশন/বড় কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা স্বায়ত্তশাসিত সংস্থা |
|---|---|---|
| | | ক্রয় বা জরুরী ধরনের মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় ঃ প্রতিক্ষেত্রে ৫০ লক্ষ টাকা পর্যন্ত। |
| (২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ | (ক) স্বল্প মূল্যের পণ্য/যন্ত্রপাতিঃ প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা পর্যন্ত।<br>(খ) ভৌত সেবাঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ ঃ প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয় ঃ প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত। |

২। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

৩। পুনঃ নির্ধারণকৃত এ হার অবিলম্বে কার্যকর হবে।

২৭/৪/১১

(শাহাবুদ্দিন আহমদ)
যুগ্ম-সচিব (বাজেট-২)

বিতরণ ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, --------------------------------মন্ত্রণালয়/বিভাগ।
৪। সদস্য-------------------------------- বিভাগ (সকল), পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
৬। ---------------------------------------- (সকল কর্মকর্তা), অর্থ বিভাগ।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,------------------------------ মন্ত্রণালয়/বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
উন্নয়ন বাজেট শাখা-১

নং- অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৬৮২ তারিখঃ ১১-০৯-২০০৪ ইং

**পরিপত্র**

বিষয় ঃ **গণখাতে কর্পোরেশন/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত সংস্থাসমুহের পূর্তকাজ সম্পাদন/ পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা প্রদান** ।

ক্রয় সংক্রান্ত নীতি ও পদ্ধতির সংস্কার কার্যক্রমের অধীনে আধুনিক ও বর্তমান সময়ের প্রয়োজন মেটানোর উপযোগী করে সরকার ইতোমধ্যে "The Public Procurement Regulations, 2003" এবং Regulations এর Implementation Procedures জারি করেছে। উক্ত Regulations এবং Procedures এর 57(2) ও (3) ধারা য় ক্রয় সংক্রান্ত সার্বিক সংস্কার কার্যক্রমের সাথে সংগতি রেখে ক্রয় চুক্তি অনুমোদন/সম্পাদনের আর্থিক ক্ষমতা অর্পণ, পুনর্বিন্যাস ও সময়-সময়ে হালনাগাদ করণের সংস্থান রাখা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে ক্রয় কার্যক্রমসহ প্রকল্প বাস্তবায়ন আরো গতিশীল ও কার্যকর করার উদ্দেশ্যে সরকার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিগত ০৪-০৫-১৯৯৪ তারিখের স্মারক নং ম,প,ক্রয়-৩(৩)/৯২/১০৩ এর মাধ্যমে জারীকৃত আর্থিক ক্ষমতা অপর্ণের সিদ্ধান্তটি বাতিল করে গণখাতে কর্পোরেশন/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত সংস্থা কর্তৃক সকল পূর্তকাজ/পণ্য/মালামাল/যন্ত্রপাতি / সরঞ্জামাদি ক্রয়/সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য নিম্ন লিখিতভাবে আর্থিক ক্ষমতা প্রদান করেছে ঃ

| ক্রমিক নং | ক্রয়/সংগ্রহের ধরণ ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন খাত | অনুন্নয়ন খাত |
| **ক.** | **সকল পূর্তকাজ/পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়/সম্পাদনের ক্ষেত্রে ঃ** | | |
| (১) | ছোট কর্পোরেশন/স্বায়ত্বশাসিত সংস্থা/আধা-স্বায়ত্বশাসিত সংস্থা সমুহের বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায় (ক্রমিক নং ২ এ উল্লেখিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ ব্যতীত এধরনের অন্য সকল কর্পোরেশন/সংস্থা) | ১০ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত |
| (২) | বড় কর্পোরেশন/স্বায়ত্বশাসিত সংস্থা/আধা-স্বায়ত্বশাসিত সংস্থা সমুহের বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায়, যথাঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বাংলাদেশ তেল, গ্যাস এবং খনিজ সম্পদ সংস্থা (পেট্রোবাংলা)/বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা/বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন/বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থা/ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/ ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ/ঢাকা ওয়াসা/ ঢাকা সিটি কর্পোরেশন/ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ/ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | ১২ কোটি টাকা পর্যন্ত | ১২ কোটি টাকা পর্যন্ত |
| (৩) | মন্ত্রণালয়/ বিভাগ (মন্ত্রী পর্যায়) | ২৫ কোটি টাকা পর্যন্ত | ২৫ কোটি টাকা পর্যন্ত |
| (৪) | সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি | ২৫ কোটি টাকার উর্দ্ধে | ২৫ কোটি টাকার উদ্ধে |

**খ. পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | ছোট কর্পোরেশন/ স্বায়ত্বশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্বশাসিত সংস্থা সমুহের বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায় (উপরের ক (১) এর অনুরূপ) | ২ কোটি টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| (২) | বড় কর্পোরেশন/ স্বায়ত্বশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্বশাসিত সংস্থা সমুহের বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায় (উপরের ক (২) এর অনুরূপ) | ২ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| (৩) | মন্ত্রণালয়/বিভাগ (মন্ত্রী পর্যায়) | ৫ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত |
| (৪) | সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি | ৫ কোটি টাকার উর্দ্ধে | ৫ কোটি টাকার উর্দ্ধে |

২। পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদনের এই আর্থিক ক্ষমতা কেবলমাত্র অনুমোদিত উন্নয়ন/ অনুন্নয়ন বাজেটে বরাদ্দ থাকাসহ রেগুলেশন ২০০৩, রেগুলেশন ২০০৩ এর বাস্তবায়ন প্রসিডিউর, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন প্রসিডিউর এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন সাপেক্ষে প্রযোজ্য হবে।

৩। পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ এর মূল্য যাই হউক না কেন সুবিধা প্রদান চুক্তি (Concession Contract : BOO, BOT, BOOT, ইত্যাদি), লীজ (Lease), সরবরাহকারী ঋণ (Suppliers' Credit) এবং ক্রেতা ঋণ (Buyer’s Credit) এর আওতায় সম্পাদিতব্য সকল চুক্তি অনুমোদন/সম্পাদনের জন্য সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

৪। (ক) অনুচেছদ ১ এ বর্ণিত বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায়ে প্রদত্ত আর্থিক ক্ষমতায় কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান ও তদনিম্নের কর্মকর্তাদের জন্য ন্যূনতম আর্থিক ক্ষমতার একটি নমুনা/মডেল এতদসংগে সংযুক্ত করা হ'ল (সংযোজনী-“ক”)। নমুনা/মডেল অনুসরণে কর্পোরেশন/স্বায়ত্বশাসিত সংস্থা অনতিবিলম্বে তাদের সকল স্তরের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণের আদেশ জারি করবে। তবে প্রয়োজন অনুসারে নমুনা/মডেলে উল্লেখিত কর্মকর্তাসহ অন্যান্য পর্যায়ের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকেও আর্থিক ক্ষমতা অর্পণ করা যাবে।

(খ) যে সকল কর্পোরেশন/স্বায়ত্বশাসিত সংস্থা ইতোমধ্যে তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণ করেছে এবং উক্ত আর্থিক ক্ষমতা যদি নমুনা/মডেলে বর্ণিত আর্থিক ক্ষমতা হতে অধিক হয়ে থাকে তবে সে সকল কর্মকর্তাদের ক্ষেত্রে বিদ্যমান আর্থিক ক্ষমতা বহাল/বলবৎ থাকবে।

(গ) যে সকল কর্পোরেশন/স্বায়ত্বশাসিত সংস্থা/আধা-স্বায়ত্বশাসিত সংস্থা এখনও তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণ করে নাই বা অর্পণ করে থাকলেও তা নমুনা/মডেলে বর্ণিত ক্ষমতা হতে কম, সে সকল কর্মকর্তাদের আর্থিক ক্ষমতা নমুনা/মডেলে বর্ণিত আর্থিক ক্ষমতার আলোকে উন্নীত বা পুনর্বিন্যাস করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মুল্যায়ন বিভাগ এর পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে উন্নয়ন সহযোগী সংস্থা/ দেশের সাথে স্বাক্ষরিত চুক্তিতে অর্ন্তভূক্ত আর্থিক ক্ষমতা ব্যবহারের নীতি ও পদ্ধতির সাথে এ আদেশ এবং নমুনা/মডেলে বর্ণিত নীতি ও পদ্ধতির কোন বিরোধ দেখা দিলে উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের নীতি ও পদ্ধতি প্রযোজ্য হবে।

৫। মন্ত্রণালয়/বিভাগ, বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়, কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান এবং বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/ব্যবস্থাপকগণ এ স্মারকের মাধ্যমে তাদের অর্পিত আর্থিক ক্ষমতা সম্পূর্ণ বা আংশিকভাবে তাদের অধীনস্থ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কর্মকর্তাগণকে অর্পণ করতে পারবেন। এ আর্থিক ক্ষমতা অর্পনকালে কোন কর্পোরেশন/ স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত সংস্থা প্রয়োজন অনুসারে তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নমুনা/মডেলে বর্ণিত ক্ষমতার চেয়ে অধিক আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবে।

৬। প্রতি অর্থ বৎসরের শুরুতে বাৎসরিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রণয়ন পূর্বক সংস্থার নির্বাহী প্রধান কিংবা তাঁর দ্বারা মনোনীত কর্মকর্তার নিকট হতে যে অনুমোদন গ্রহণ করা হবে তাই প্রশাসনিক অনুমোদন হিসেবে বিবেচিত হবে।

৭। এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বা/-
(জাকির আহমেদ খান)
অর্থ সচিব

নং- অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৬৮২(১০০) তারিখঃ ১১-০৯-২০০৪ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

বিতরণ ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব, ................................ মন্ত্রণালয়/বিভাগ।
৪। সদস্য, ................................ বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ...................................... মন্ত্রণালয়/বিভাগ।

স্বা/-
(আশীষ কুমার সরকার)
সিনিয়র সহকারী সচিব

**কর্পোরেশন/স্বায়ত্বশাসিত সংস্থা/আধা-স্বায়ত্বশাসিত সংস্থার নির্বাহী প্রধান ও তদনিম্ন কর্মকর্তাদের জন্য ন্যূনতম আর্থিক ক্ষমতার Sub-delegation-এর নমুনা/মডেল ঃ**

**১। উন্নয়ন খাত ঃ**

| ক্রমিক নং | পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণের ধরণ ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা (ছোট ও বড় উভয় শ্রেনীর কর্পোরেশন/স্বায়ত্বশাসিত সংস্থার জন্য প্রযোজ্য) |
|---|---|---|
| **ক.** | **পূর্ত কাজ (নির্মান/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে :** | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | ৭ কোটি টাকা পর্যন্ত |
| (২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্দ্ধে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) *১ | ৫ কোটি টাকা পর্যন্ত |
| (৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্দ্ধে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ৪ কোটি টাকা পর্যন্ত |
| (৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত )*১ | ৩ কোটি টাকা পর্যন্ত |
| **খ.** | **পণ্য/যন্ত্রপাতি/মালামাল/সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে ঃ** | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | ৫ কোটি টাকা পর্যন্ত |
| (২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্দ্ধে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত )*১ | ৩ কোটি টাকা পর্যন্ত |
| (৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্দ্ধে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত )*১ | ২ কোটি টাকা পর্যন্ত |
| (৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ১ কোটি টাকা পর্যন্ত |
| **গ.** | **পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে ঃ** | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | ১ কোটি টাকা পর্যন্ত |
| (২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্দ্ধে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ৫০ লক্ষ টাকা পর্যন্ত |
| (৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্দ্ধে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | নাই |
| (৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | নাই |

*১ বোর্ড অব ডাইরেক্টরস/সংস্থার নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাহাদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলের গ্রেড অনুসরণেও এ আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবেন।

| ক্রমিক নং | ক্রয়/সংগ্রহের ধরণ ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা (ছোট ও বড় উভয় শ্রেনীর কর্পোরেশন/স্বায়ত্বশাসিত সংস্থার জন্য প্রযোজ্য) |
|---|---|---|
| **ঘ.** | **টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে ঃ [রেগুলেশনস্ ২০০৩ এর প্রবিধান ২০(১) অনুসরণে]** | |
| (১) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্দ্ধে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ২ লক্ষ টাকা পর্যন্ত |
| (২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্দ্ধে ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ২ লক্ষ টাকা পর্যন্ত |
| (৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | ২ লক্ষ টাকা পর্যন্ত |

| | | |
|---|---|---|
| **ঙ.** | **টেন্ডার / কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে ঃ [রেগুলেশনস্ ২০০৩ এর প্রবিধান ১৮(২) অনুসরণে]** | |
| (১) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্দ্ধে ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | (ক) পণ্য/যন্ত্রপাতি : **১৫** হাজার টাকা পর্যন্ত<br>(খ) ভৌত সেবা : ৫০ হাজার টাকা পর্যন্ত |
| (২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্দ্ধে ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | (ক) পণ্য/যন্ত্রপাতি : **১৫** হাজার টাকা পর্যন্ত<br>(খ) ভৌত সেবা : ৫০ হাজার টাকা পর্যন্ত |
| (৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/ কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত) | (ক) পণ্য/যন্ত্রপাতি : **১৫** হাজার টাকা পর্যন্ত<br>(খ) ভৌত সেবা : ৫০ হাজার টাকা পর্যন্ত |

২। **অনুন্নয়ন খাত ঃ**

| ক্রমিক নং | ক্রয়/সংগ্রহের ধরণ ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | ছোট কর্পোরেশন/ স্বায়ত্বশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্বশাসিত সংস্থা | বড় কর্পোরেশন/ স্বায়ত্বশাসিত সংস্থা/ আধা-স্বায়ত্বশাসিত সংস্থা |
| **ক.** | **পূর্ত কাজ (নির্মান/স্থাপনা) এর ক্ষেত্রে :** | | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | ২ কোটি টাকা পর্যন্ত | ৪ কোটি টাকা পর্যন্ত |
| (২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ *২ | ৫০ লক্ষ টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| **খ.** | **পণ্য/যন্ত্রপাতি সংগ্রহের ক্ষেত্রে ঃ** | | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | ১ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| (২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ *২ | ২৫ লক্ষ টাকা পর্যন্ত | ৫০ লক্ষ টাকা পর্যন্ত |
| **গ.** | **পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে ঃ** | | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | ২৫ লক্ষ টাকা পর্যন্ত | ৫০ লক্ষ টাকা পর্যন্ত |
| (২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ *২ | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা |
| **ঘ.** | **টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে ঃ [রেগুলেশনস্ ২০০৩ এর প্রবিধান ২০(১) অনুসরণে]** | | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | ২ লক্ষ টাকা পর্যন্ত | ২ লক্ষ টাকা পর্যন্ত |
| (২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ | ২ লক্ষ টাকা পর্যন্ত | ২ লক্ষ টাকা পর্যন্ত |
| **ঙ.** | **টেন্ডার/ কোটেশন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে ঃ [রেগুলেশনস্ ২০০৩ এর প্রবিধান ১৮(২) অনুসরণে]** | | |
| (১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান (ক) পণ্য/যন্ত্রপাতি : | ১৫ হাজার টাকা পর্যন্ত | ১৫ হাজার টাকা পর্যন্ত |
| | (খ) ভৌত সেবা : | ৫০ হাজার টাকা পর্যন্ত | ৫০ হাজার টাকা পর্যন্ত |
| (২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ (ক) পণ্য/যন্ত্রপাতি : | ১৫ হাজার টাকা পর্যন্ত | ১৫ হাজার টাকা পর্যন্ত |
| | (খ) ভৌত সেবা : | ৫০ হাজার টাকা পর্যন্ত | ৫০ হাজার টাকা পর্যন্ত |

*২ জাতীয় বেতন স্কেলের ৫ম ও তদুর্ধ গ্রেডের কর্মকর্তাগণ এ আর্থিক ক্ষমতা ব্যবহার করতে পারবেন। পঞ্চম গ্রেডের নিম্নের আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণকে এ আর্থিক সীমার ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য তাদের নিয়ন্ত্রণকারী পঞ্চম বা তদুর্ধ গ্রেডের কর্মকর্তাদের নিকট উপস্থাপন করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১২

নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৪৬/০৭/৯৯৪

তারিখ ঃ ২১/০১/১৪১৫ বঃ
০৪/০৫/২০০৮ খ্রিঃ

## পরিপত্র

বিষয়ঃ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা পুনঃ নির্ধারণ প্রসংগে।

সূত্রঃ নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৬৮২, তারিখ-১১/০৯/২০০৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পরিপত্রে গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সকল পূর্তকাজ/পণ্য/মালামাল/সরঞ্জামাদি ক্রয়/চুক্তি সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য প্রদত্ত আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে সরকার কর্তৃক পুনঃনির্ধারণ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | ক্রয়/সংগ্রহের ধরণ ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন খাত | অনুন্নয়ন খাত |
| ক.সকল পূর্তকাজ/ পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ক্রয়/ সম্পাদনের ক্ষেত্রে ঃ | | | |
| (১) | ছোট কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় (ক্রমিক নং ২ এ উল্লেখিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ ব্যতীত এ ধরণের অন্য সকল কর্পোরেশন/ সংস্থা) | ২০ কোটি টাকা পর্যন্ত | ২০ কোটি টাকা পর্যন্ত |
| (২) | বড় কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়, যথাঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বাংলাদেশ তেল, গ্যাস এবং খনিজ সম্পদ সংস্থা (পেট্রোবাংলা)/বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা/বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন/বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থা/পল্লী বিদ্যুতায়ন বোর্ড/ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ/ ঢাকা ওয়াসা/ ঢাকা সিটি কর্পোরেশন/বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ/চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। | ২৪ কোটি টাকা পর্যন্ত | ২৪ কোটি টাকা পর্যন্ত |
| (৩) | মন্ত্রণালয়/বিভাগ (মন্ত্রী/উপদেষ্টা পর্যায়) | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৫০ কোটি টাকা পর্যন্ত |
| (৪) | সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা/উপদেষ্টা কমিটি | ৫০ কোটি টাকার উর্ধ্বে | ৫০ কোটি টাকার উর্ধ্বে |
| খ. পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণঃ | | | |
| (১) | ছোট কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় (উপরের ক (১) এর অনুরূপ)। | ৪ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| (২) | বড় কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় (উপরের ক (২) এর অনুরূপ) | ৪ কোটি টাকা পর্যন্ত | ৪ কোটি টাকা পর্যন্ত |
| (৩) | মন্ত্রণালয়/বিভাগ (মন্ত্রী/উপদেষ্টা পর্যায়) | ১০ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত |
| (৪) | সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা/উপদেষ্টা কমিটি | ১০ কোটি টাকার উর্ধ্বে | ১০ কোটি টাকার উর্ধ্বে |

২। সূত্রে উল্লেখিত পরিপত্রের ৪ অনুচ্ছেদে বর্ণিত মডেলের উন্নয়ন খাত (ক,খ,গ) এবং অনুন্নয়ন খাত (ক,খ,গ) অনুরূপভাবে সংশোধনপূর্বক এতদসংগে সংযুক্ত করা হয়েছে (সংযোজনী 'ক')। মডেলের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

৩। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

৪। পুনঃনির্ধারণকৃত এ হার অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

(মাহমুদউল হক ভূঁইয়া)
যুগ্ম সচিব (বাজেট - ২)

বিতরণঃ

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

নং-আইএমইডি/প্রশা-২/বিবিধ-১০৪/২০০৮(অংশ)-১৮৭(১২) তারিখঃ ১৮ মে, ২০০৮

সদয় অবগতি ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. প্রধান, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
২. যুগ্ম-সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. মহাপরিচালক, মূল্যায়ন সেক্টর/শিক্ষা ও সামাজিক সেক্টর/যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর/সিপিটিইউ/কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. উপ-সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫. পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৬. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১/২, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

(বিকাশ চন্দ্র সিকদার)
সিনিয়র সহকারী সচিব

সংযোজনী-'ক'

**কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থার নির্বাহী প্রধান ও তদনিম্ন কর্মকর্তাদের জন্য ন্যূনতম আর্থিক ক্ষমতার Sub-delegation-এর নমুনা/মডেলঃ**

১। উন্নয়ন খাত ঃ

| ক্রমিক নং | পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণের ধরণ ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা (ছোট ও বড় উভয় শ্রেণীর কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থার জন্য প্রযোজ্য) |
|---|---|---|
| **ক.** | **পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে** | **পুনঃনির্ধারিত** |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | ১৪ কোটি টাকা পর্যন্ত |
| (২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ১০ কোটি টাকা পর্যন্ত |
| (৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ৮ কোটি টাকা পর্যন্ত |
| (৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ৬ কোটি টাকা পর্যন্ত |
| **খ.** | **পণ্য/যন্ত্রপাতি/মালামাল/সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে** | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | ১০ কোটি টাকা পর্যন্ত |
| (২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ৬ কোটি টাকা পর্যন্ত |
| (৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ৪ কোটি টাকা পর্যন্ত |
| (৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ২ কোটি টাকা পর্যন্ত |
| গ. | পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রেঃ | |
| (১) | কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | ২ কোটি টাকা পর্যন্ত |
| (২) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (৫০.০০ কোটি টাকার উর্ধ্বে ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | ১ কোটি টাকা পর্যন্ত |
| (৩) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকার উর্ধ্বে, ৫০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | নাই |
| (৪) | বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক (২০.০০ কোটি টাকা পর্যন্ত ব্যয় বিশিষ্ট প্রকল্প/কার্যক্রম/ কার্যাবলীর দায়িত্বে নিয়োজিত)*১ | নাই |

*১ বোর্ড অব ডাইরেক্টরস/সংস্থার নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাঁদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলের গ্রেড অনুসরণেও এ আর্থিক ক্ষমতা অর্পন করতে পারবেন।

২। অনুন্নয়ন খাত ঃ

| ক্রমিক নং | ক্রয়/সংগ্রহের ধরণ ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | ছোট কর্পোরেশন/ স্বায়ত্তশাসিত সংস্থা/ আধা স্বায়ত্তশাসিত সংস্থা | বড় কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা স্বায়ত্তশাসিত সংস্থা |
| ক. | পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) এর ক্ষেত্রে | পুনঃনির্ধারিত | পুনঃনির্ধারিত |
| (১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ৪ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত |
| (২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ *২ | ১ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| খ. | পণ্য/ যন্ত্রপাতি সংগ্রহের ক্ষেত্রে | | |
| (১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ২ কোটি টাকা পর্যন্ত | ৪ কোটি টাকা পর্যন্ত |
| (২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধান *২ | ৫০ লক্ষ টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| গ. | পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে | | |
| (১) | কর্পোরেশন/ সংস্থার নির্বাহী প্রধান | ৫০ লক্ষ টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| (২) | আঞ্চলিক অফিস/ ইউনিট প্রধানগণ *২ | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা |

*২ জাতীয় বেতন স্কেলের ৫ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাবৃন্দ এ আর্থিক ক্ষমতা ব্যবহার করতে পারবেন। ৫ম গ্রেডের নিম্নের আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণকে এ আর্থিক সীমার ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য তাদের নিয়ন্ত্রণকারী ৫ম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিকট উপস্থাপন করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১২

নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৪৬/০৭/৯৯৩

তারিখ ঃ ২১/০১/১৪১৫ বঃ
০৪/০৫/২০০৮ খ্রিঃ

# অফিস স্মারক

বিষয়ঃ উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ, হেডস অব ডিপার্টমেন্টস, প্রকল্প পরিচালকবৃন্দকে অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers) পুনঃনির্ধারণ।

সূত্রঃ নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৮৩৮, তারিখ-২২/১২/২০০৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক ক্ষমতা সংক্রান্ত গত ২২/১২/২০০৪ তারিখে জারীকৃত পুস্তিকার ৪, ১২ ও ২৮ নং ক্রমিকে বর্ণিত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় প্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দের (ক, খ ও গ শ্রেণীর) আর্থিক ক্ষমতা সংযুক্ত ছক মোতাবেক নির্দেশক্রমে পুনঃনির্ধারণ করা হল ঃ

ক। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

খ। পুনঃনির্ধারণকৃত এ হার অবিলম্বে কার্যকর হবে।

(মাহমুদুল হক ভূঁইয়া) ০৪/০৫/২০০৮
যুগ্ম সচিব (বাজেট - ২)

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
৩। সচিব, ............................................ মন্ত্রণালয়/বিভাগ।
৪। সদস্য, ............................................ বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৭। প্রধান হিসাবরক্ষন কর্মকর্তা, .................................. মন্ত্রণালয়/বিভাগ।

| আর্থিক ক্ষমতা পুস্তিকার ক্রঃ নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণী (৫০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণী (২০ কোটি টাকার উর্ধ্বে, ৫০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণী (২০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪ | সকল পূর্তকাজ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন *১ | পূর্ণ ক্ষমতা (৫০ কোটি টাকা পর্যন্ত)<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>(১) অনুমোদিত পিসিপি/পিপি/টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(৩) পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশনস ২০০৩, এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ১৪ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ৮ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ৬ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ৪ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) |
| ১২ | প্রকল্প বাস্তবায়নের জন্য পণ্য/ মালামাল/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ক্রয় চুক্তি অনুমোদন/ সম্পাদন *১ (যন্ত্রপাতি বলতে ৯(ক), ১০(ক) এবং ১৩-১৬ তে উল্লেখিত সরঞ্জামাদি/ যন্ত্রপাতি/ মালামাল বুঝাবে না) | পূর্ণ ক্ষমতা (৫০ কোটি টাকা পর্যন্ত)<br>(১) অনুমোদিত পিসিপি/পিপি/টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(৩) পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশনস ২০০৩, এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ১০ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩এর শর্তাবলী সাপেক্ষে ) | ৪ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ২ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ১ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) |
| ২৮ | পরামর্শক সেবা গ্রহণের চুক্তি অনুমোদন/ সম্পাদন *১ | পূর্ণ ক্ষমতা (১০ কোটি টাকা পর্যন্ত)<br>(১) অনুমোদিত পিসিপি/পিপি/টিএপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(৩) পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশনস ২০০৩, এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ৪ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | ২ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্তাবলী সাপেক্ষে) | নাই | নাই |

* ১ পূর্ত কাজ সম্পাদন ও পণ্য/মালামাল/যন্ত্রপাতি সরঞ্জামাদি ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে এবং পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ/ উপদেষ্টা পরিষদ কমিটি অনুমোদন করবে ;

- ১ -

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১২

নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৪৬/০৭/৯৯২ তারিখঃ ২১/০১/১৪১৫ বঃ
০৪/০৫/২০০৮ খ্রিঃ

## অফিস স্মারক

বিষয়ঃ উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ, হেডস অব ডিপার্টমেন্টস, প্রকল্প পরিচালকবৃন্দকে অর্পিত আর্থিক ক্ষমতা (Delegation of Financial Powers) পুনঃনির্ধারণ।

সূত্রঃ নং-অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৮৩৮, তারিখ-২২/১২/২০০৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক ক্ষমতা সংক্রান্ত গত ২২/১২/২০০৪ তারিখে জারীকৃত পুস্তিকার ৫ নং ক্রমিকে বর্ণিত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় প্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দের (ক, খ ও গ শ্রেণীর) আর্থিক ক্ষমতা নির্দেশক্রমে নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হল ঃ

| আর্থিক ক্ষমতা পুস্তিকার ক্রঃ নং | বিষয় | মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | বিভাগীয় প্রধানের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক-শ্রেণী (৫০ কোটি টাকার উর্ধ্বে) | খ শ্রেণী (২০ কোটি টাকার উর্ধ্বে, ৫০ কোটি টাকা পর্যন্ত) | গ শ্রেণী (২০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৫. | ইমপ্রেস্ট অনুমোদন | মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজন অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে ক-শ্রেণী, খ- শ্রেণী ও গ-শ্রেণীর প্রকল্প পরিচালকদের জন্য যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৬০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা পর্যন্ত ইমপ্রেস্ট মঞ্জুর করতে পারবেঃ<br>১) ইমপ্রেস্টের অর্থ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা পুস্তিকার ৩৭ নং আইটেমে উল্লেখিত সাধারণ শর্ত পালনপূর্বক ব্যবহার করা যাবে।<br>২) প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ২ মাস পূর্বে চূড়ান্তভাবে ইমপ্রেষ্ট সমন্বয় করতে হবে এবং আর কোন ইমপ্রেস্ট উত্তোলন করা যাবে না। | নাই | নাই | নাই | নাই |

ক। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।
খ। পুনঃনির্ধারণকৃত এ হার অবিলম্বে কার্যকর হবে।

(মাহমুদুল হক ভূঁইয়া) ০৪/০৫/২০০৮
যুগ্ম সচিব (বাজেট - ২)

বিতরণঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
৩। সচিব, .............................................. মন্ত্রণালয়/বিভাগ।
৪। সদস্য, .............................................. বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহা নিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৭। প্রধান হিসাবরক্ষন কর্মকর্তা, .................................. মন্ত্রণালয়/বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট শাখা-১১

RECEIVED
09 AUG 2009
Central Procurement Technical unit, IMED

## পরিপত্র

নং-অম/অবি/বা-১১/বিবিধ-৪৬/২০০৭/৩৭৯ তারিখঃ ৩০/০৭/২০০৯ খ্রিঃ।

বিষয় ঃ সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে আর্থিক ক্ষমতা অর্পন প্রসংগে।

সূত্রঃ অম/অবি/উবা-১/বিবিধি-৪৬/০৭/৯৯৪, তারিখঃ ০৪/০৫/২০০৮

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে বর্ণিত আর্থিক ক্ষমতা পুনঃ নির্ধারণ সংক্রান্ত পত্রের অনুবৃত্তিক্রমে সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে সকল পূর্তকাজ/পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়/সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য আর্থিক ক্ষমতা নিম্নরূপভাবে সরকার কর্তৃক প্রদান/পুনঃ নির্ধারণ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | ক্রয়/সংগ্রহের ধরণ ও অনুমোদনকারী কর্তৃপক্ষ | আর্থিক ক্ষমতা | |
|---|---|---|---|
| | | উন্নয়ন খাত | অনুন্নয়ন খাত |
| *ক. সকল পূর্তকাজ/পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়/সম্পাদনের ক্ষেত্রেঃ* | | | |
| (১) | ছোট কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সম পর্যায় (ক্রমিক নং-২ এ উল্লেখিত সংস্থা/প্রতিষ্টানসমূহ ব্যতীত এ ধরনের অন্য সকল কর্পোরেশন/সংস্থা) | ২০কোটি টাকা পর্যন্ত | ২০কোটি টাকা পর্যন্ত |
| (২) | বড় কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা সমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়, যথাঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বাংলাদেশ তেল, গ্যাস এবং খনিজ সম্পদ সংস্থা (পেট্রোবাংলা)/বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা/বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন/বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থা/পল্লী বিদ্যুতায়ন বোর্ড/ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ/ঢাকা ওয়াসা/ঢাকা সিটি কর্পোরেশন/বেসামরিক বিমা চলাচল কর্তৃপক্ষ/চট্রগ্রাম বন্দর কর্তৃপক্ষ। | ২৪কোটি টাকা পর্যন্ত | ২৪কোটি টাকা পর্যন্ত |
| (৩) | মন্ত্রণালয়/বিভাগ(মন্ত্রী/উপদেষ্টা পর্যায়) | ৫০কোটি টাকা পর্যন্ত | ৫০কোটি টাকা পর্যন্ত |
| (৪) | সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা/উপদেষ্টা কমিটি | ৫০কোটি টাকার উর্দ্ধে | ৫০কোটি টাকার উর্দ্ধে |
| *খ. পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ ঃ* | | | |
| (১) | ছোট কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা সমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় (উপরের ক (১) এর অনুরূপ) | ৪কোটি টাকা পর্যন্ত | ২কোটি টাকা পর্যন্ত |
| (২) | বড় কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা সমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়(উপরের ক (২) এর অনুরূপ) | ৪কোটি টাকা পর্যন্ত | ৪কোটি টাকা পর্যন্ত |
| (৩) | মন্ত্রণালয়/বিভাগ (মন্ত্রী/উপদেষ্টা পর্যায়) | ১০কোটি টাকা পর্যন্ত | ১০কোটি টাকা পর্যন্ত |
| (৪) | সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা/উপদেষ্টা কমিটি | ১০কোটি টাকার উর্দ্ধে | ১০কোটি টাকার উর্দ্ধে |

২। সূত্রে উল্লেখিত পরিপত্রের অন্যান্য বিধি-বিধান অপরিবর্তিত থাকবে।

৩। পুনঃ নির্ধারিত এ হার অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

(কাজী শফিকুল আযম)
যুগ্ম-সচিব(বাজেট-২)

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন ......... মন্ত্রণালয়/বিভাগ।
৪। সদস্য,........................................ বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। হিসাব মহানিয়ন্ত্রক, অর্থ মন্ত্রণালয়।
৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা।